

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫০৬

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬২. সুরা [ইযাস্ সামাউন শাককাত্-(ইনশিকাক:১)]-এ সাজদা করা প্রসঙ্গে

بَابِ السُّجُودِ فِي إِذَا السَّمَاءُ انْشَقَّتْ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍ عَنْ أَبِي سَلَمَةَ قَالَ رَأَيْتُ أَبَا هُرَيْرَةَ يَسْجُدُ فِي إِذَا السَّمَاءُ انْشَقَّتْ فَقِيلَ لَهُ تَسْجُدُ فِي سُورَةٍ مَا يُسْجَدُ فِيهَا فَقَالَ إِنِّي رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسْجُدُ فِيهَا

বাংলা

১৫০৬. আবী সালামাহ বলেন, আমি আবী হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহুকে সুরা ['ইযাস সামাউন শাক্কাত্র'-(ইনশিকাক :১)]-এ সাজদা করতে দেখলাম। তখন তাঁকে বলা হলো, আপনি এমন একটি সুরায় সাজদা করলেন, যাতে কখনো সাজদা করা হয় না! তখন তিনি বললেন: নিশ্চয় আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে তাতে সাজদা করতে দেখেছি।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ হাসান।

তাখরীজ: আবু ইয়ালা আল মাউসিলী, আল মুসনাদ ৫৯৫০। এছাড়া এটি বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা। বুখারী, (আযান) ৭৬৬; মুসলিম, (মাসাজিদ) ৫৭৮। আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলীতে যা গত হয়েছে ও সহীহ ইবনু হিব্বান নং ২৭৬১ তে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু সালামাহ ইবনু আবদুর রাহমান (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন